

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫১.২০১৪-

তারিখঃ-----খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব খায়রুন্নাহা, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, আড়াইহাজার, নারায়নগঞ্জে কর্মকালীন অত্র দপ্তরের ০৫-০৮-২০১৪ খ্রিঃ তারিখের ২৬৪ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে আত্মপক্ষ সমর্থনে লিখিতভাবে জবাব দাখিল করেন এবং ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে শুনানী দিতে আগ্রহ প্রকাশ করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ১০-১২-২০১৪ খ্রিঃ তারিখে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তিনি খেলাপী ঋণ আদায়ের জন্য সময় প্রার্থনা করায় তাকে পর পর ২বার সময় দেয়া হলেও খেলাপী আদায়ে তেমন কোন অগ্রগতি নেই। এতে দেখা যায় তিনি দায়িত্ব পালনে আন্তরিক নন। তিনি খেলাপী ঋণ আদায়ের জন্য পুনরায় সময় বৃদ্ধির আবেদন করেননি এবং তাকে পুনরায় সময় দেয়ার যুক্তিসংগত কারণও নেই। তার এহেন কার্যকলাপ অদক্ষতা ও অসদাচরণের পর্যায়ভুক্ত;

০৩। যেহেতু, অভিযুক্তের বিভাগীয় মামলায় লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য, নথিপত্র ও সার্বিক বিষয় পর্যালোচনায় অভিযুক্ত ক্রেডিট সুপারভাইজার জনাব খায়রুন্নাহা-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো;

০৪। সেহেতু, এক্ষণে ক্রেডিট সুপারভাইজার জনাব খায়রুন্নাহা-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) অনুযায়ী “পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি ০১(এক) বছরের জন্য স্থগিত” দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫১.২০১৪-২৫

তারিখঃ ২৬-১-২০১৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নারায়নগঞ্জ।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, আড়াইহাজার, নারায়নগঞ্জ। (সংশ্লিষ্ট কর্মচারীর শাস্তির বিষয়টি তার চাকুরি বহিতে লালকালিতে লিপিবদ্ধ করার অনুরোধ করা হলো)।
- ০৭। জনাব খায়রুন্নাহা, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।